

# আন্তর্জাতিক

## কসোভোর স্বাধীনতা ঘোষণা বৈধ আন্তর্জাতিক আদালতের রায়



আন্তর্জাতিক আদালত (আইসিজে) কসোভোর স্বাধীনতা ঘোষণাকে বৈধ হিসাবে ঘোষণা করেছে। নেদারল্যান্ডের হেগে জাতিসংঘের সর্বোচ্চ আদালতের প্রধান বিচারপতি হাসাশি ওয়াদা গত বৃহস্পতিবার রায় পাঠ করে বলেছেন, কসোভোর স্বাধীনতা ঘোষণায় আন্তর্জাতিক আইন লঙ্ঘিত হয়নি। স্বাধীনতা ঘোষণা আন্তর্জাতিক আইনে নিষিদ্ধ নয়। জাতিসংঘ সাধারণ পরিষদ সার্বিয়ার অনুরোধে ২০০৮ সালের ৭ অক্টোবর কসোভোর স্বাধীনতা ঘোষণা আইনসঙ্গত হয়েছে কিনা সে ব্যাপারে

মতামত প্রদানে আন্তর্জাতিক আদালতের দ্বারস্থ হয়। আদালতের কাছে বিষয়টি হস্তান্তর করার দু'বছর পর আদালত এ রায় দেয়। আন্তর্জাতিক আদালতের রায় মেনে নেয়া কোনো দেশের জন্য বাধ্যতামূলক নয়। কসোভোর পররাষ্ট্রমন্ত্রী সিকান্দার হায়সানি বলেছেন, তিনি আশা করছেন সার্বিয়া তার সাবেক প্রদেশ কসোভোকে স্বাধীন দেশ হিসাবে স্বীকৃতি দেবে। তিনি বলেন, আমি আশা করি সার্বিয়া আমাদের প্রতি হাত বাড়িয়ে দেবে এবং আমাদের সঙ্গে বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা

করবে। তবে স্বাধীন দেশ হিসাবেই একমাত্র আলোচনা হতে পারে। সার্বিয়ার প্রেসিডেন্ট বরিস তাডিস আন্তর্জাতিক আদালতের রায়ের বিরুদ্ধে তাৎক্ষণিক প্রতিক্রিয়া ব্যক্ত করতে গিয়ে বলেছেন, আদালতের রায় কসোভো প্রদেশে সার্বিয়ার অবস্থানের কোনো হেরফের হবে না। সার্বিয়ার পররাষ্ট্রমন্ত্রী ভাক জেরেমিস বলেছেন, সার্বিয়া কোনো অবস্থায় কখনো কসোভোর একতরফা স্বাধীনতা ঘোষণাকে স্বীকৃতি দেবে না। জেরেমিস কসোভোর উত্তরাঞ্চলে বসবাসকারী সংখ্যালঘু সার্বদের ধৈর্য ধারণের আহ্বান জানিয়েছেন। প্রায় ৭০টি দেশ স্বাধীন দেশ হিসাবে কসোভোকে স্বীকৃতি দিয়েছে। তাদের মধ্যে যুক্তরাষ্ট্র এবং ইউরোপীয় ইউনিয়নের ২৭টি দেশের মধ্যে ২২টি দেশ রয়েছে। সার্বিয়া কসোভোকে তাদের একটি প্রদেশ এবং সার্ব জাতির সূতিকাগার হিসাবে বিবেচনা করে। তবে বাস্তবে কসোভো হলো একটি মুসলিম প্রধান ভূখণ্ড।

ন্যাটোর ৭৮ দিনব্যাপী বোমাবর্ষণের মধ্য দিয়ে ১৯৯৮-৯৯ সালে সার্বিয়া ও কসোভোর মধ্যকার দু'বছরের লড়াই শেষ হয়। যুদ্ধের পর জাতিসংঘ কসোভোর প্রশাসনিক দায়িত্ব গ্রহণ করে। ২০০৮ সালের ১৭ ফেব্রুয়ারি কসোভোর পার্লামেন্ট স্বাধীনতা ঘোষণা করে। কসোভোতে ২০ লাখ আলবেনীয় বংশোদ্ভূত মুসলমান ও ১ লাখ ২০ হাজার সার্ব পৃথকভাবে বসবাস করছে। তাদের মধ্যে পারস্পরিক সন্দেহ বিদ্যমান এবং তারা একে অন্যের প্রতি বৈরী।

## উ. কোরিয়ার ব্যাপারে কঠোর হওয়ার আহ্বান হিলারির



উত্তর কোরিয়ার বিরুদ্ধে আরোপিত নিষেধাজ্ঞা কঠোরভাবে পালনের জন্য এশিয়ার প্রতি আহ্বান জানিয়েছেন যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী হিলারি ক্লিনটন। তিনি শুক্রবার বলেছেন, পিয়ংইয়ংয়ের যুদ্ধোন্মুক্ত কার্যকলাপ স্পষ্টভাবে আঞ্চলিক হুমকিস্বরূপ। হ্যানয়ে অনুষ্ঠিত প্রশান্ত-মহাসাগরীয় অঞ্চলের সবচেয়ে বড় নিরাপত্তা আলোচনায় তিনি এ কথা বলেছেন। ২৭ সদস্য বিশিষ্ট আসিয়ান আঞ্চলিক ফোরামে বক্তৃতাকালে তিনি বলেন, 'দক্ষিণ কোরিয়ার সঙ্গে প্রকৃত শান্তি প্রতিষ্ঠা ও উত্তর কোরিয়ার পরমাণু উন্নয়ন কর্মসূচি বন্ধে এশিয়ার জাতিসমূহকে অবশ্যই দেশটির প্রতি আরোপিত নিষেধাজ্ঞা বলবৎ রাখতে হবে।' তিনি মিয়ানমারে গণতান্ত্রিক সরকার ব্যবস্থা চালুর জন্য সামরিক

সরকারের ওপর প্রতিবেশী দেশগুলোকে চাপ সৃষ্টিও আহ্বান জানান। তিনি আরো বলেন, এশিয়া অবশ্যই বৈশ্বিক জোটের সঙ্গে একাত্ম হয়ে ইরানের পরমাণু কর্মসূচি বন্ধে তাদের দৃঢ় মতামত ব্যক্ত করবে। বুধবার হিলারি উত্তর কোরিয়ার বিরুদ্ধে যুক্তরাষ্ট্রের নতুন নিষেধাজ্ঞা ঘোষণা করেন। ওয়াশিংটন ও সিউল উভয়ই মার্চে দক্ষিণ কোরীয় যুদ্ধজাহাজ ডুবির ব্যাপারে উত্তর কোরিয়াকে অভিযুক্ত করে আসছে। এ ঘটনায় ৪৬ জন নাবিক প্রাণ হারায় এবং এর ফলে পিয়ংইয়ংয়ের পরমাণু কর্মসূচি উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছে। যুক্তরাষ্ট্র, ইউরোপিয়ান ইউনিয়ন এবং কানাডাসহ আসিয়ানের অন্তর্ভুক্ত আঞ্চলিক ক্ষমতাবহ দেশগুলো হচ্ছে- চীন, জাপান ও রাশিয়া। এএফপি।

### মুফাসসিরে কুরআন আল্লামা দেলোয়ার হুসাইন সাঈদীর মুক্তি চাই



ফ্রি মাওলানা সাঈদী ফেডারেশন ইউকে



**Saleh Hamidi**  
LLB Hons.  
(London Metropolitan University)

**যোগাযোগ করুন**  
ছালেহ আহমদ হামিদি  
1st Floor  
259 Whitechapel Road  
London E1 1DB  
Tel: 0207 247 6100  
Mob: 0795 738 2021  
saleh-hamidi@hotmail.com

### হামিদি ইমিগ্রেশন সার্ভিসেস



ইমিগ্রেশন বিষয়ে আমরা পরামর্শ প্রদান ও সহযোগিতা করে থাকি

This firm is registered with the OISC to provide quality advice

- এন্ট্রি ক্লিয়ারেন্স
- স্টুডেন্ট ভিসা / এক্সটেনশন
- ডিজিট ভিসা
- সেটেলমেন্ট ভিসা /
- স্পাউজ ভিসা / এক্সটেনশন /
- ন্যাচারালাইজেশন /
- ব্রিটিশ সিটিজেনশিপ
- বিয়ের জন্য অনুমতি পত্র
- স্পনরশীপ ডিকলারেশন
- পাসপোর্ট নবায়ন
- লস্ট পাসপোর্ট
- নাম পরিবর্তন
- ডকুমেন্ট এটোস্টেশন
- পাওয়ার অব এটর্নি
- ট্রান্সলেশন
- ডুয়েল সিটিজেনশীপ
- ফটো এটোস্টমেন্ট
- চ্যারিটি রেজিস্ট্রেশনের সহযোগিতা
- ইসলামিক ম্যারেজ সার্টিফিকেট
- ইসলামিক ডিভোর্স সার্টিফিকেট।

## ফটোগ্রাফার চান?

বিয়ে, জন্মদিন কিংবা যে কোন অনুষ্ঠানের জন্যে আপনি কী ভালো ফটোগ্রাফার খুঁজছেন?

বুকিং এর জন্যে আজই যোগাযোগ করুনঃ

**আফজাল আবুল আসাদ**

07574 411 404  
Email: artist.afzal@yahoo.com

